তারিখ 10 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

৩৪

৩৪

# নগরীর সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা

( ইত্তেফাক রিপোর্ট )

নগরীর সরকারী স্কুলগুলিতে বিভিন্ন শ্রেণীতে ভর্তি পরীক্ষা গত রবিবার ও গতকাল (সোমবার) সমাপ্ত হইয়াছে।

আজিমপুরের অগ্রণী বালিকা বিদ্যালয়ের শিশু শ্রেণীতে নির্ধারিত ১ শতটি আসনের জন্য ৪ শত ৩০ জন ভর্তি পরীক্ষায় অংশ নেয়। গত রবিবার ছাত্রীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। অনুরোধের চাপে স্কুল কর্তৃপক্ষকে নির্ধারিত আসনের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

উপরে ২১ জনকে নিতে হইয়াছে। স্কুল কর্তৃপক্ষ জানান, ভীড় এড়ানোর লক্ষ্যে কেবল একদিন তিন-ঘন্টা ভর্তি ফরম দেওয়া হইয়াছে।

মতিঝিল সরকারী বালক বিদ্যালয়ে প্রথম শ্রেণীর নব্বইটি খালি আসনে ভর্তি পরীক্ষায় অংশ নিয়াছে ৫৫০টি শিশু। ষষ্ঠ শ্রেণীতে আশিটি খালি আসনে ৮১০ জন ভর্তি পরীক্ষায় অংশ নিয়াছে। অষ্টম শ্রেণীতে ৮টি খালি আসনে ভর্তিপ্রার্থী ৩১৫ জন। মতিঝিলের আইডিয়াল হাইস্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় গত শনিবার ও গত রবিবার। প্রথম শ্রেণীর পরীক্ষা হইবে ১৩ই জানুয়ারী। প্রথম শ্রেণীর ১২০টি খালি আসনে ভর্তিপ্রার্থী ইতিমধ্যে সাড়ে ১৩ শত দাঁড়াইয়াছে। এখনও প্রতিদিন ফরম দিতে হইতেছে। তৃতীয় শ্রেণীতে ৩৫টি আসনের বিপরীতে ভর্তিপ্রার্থী সাড়ে ৮ শত। এই স্কুলে ৭টি শ্রেণীতে ৪৭০টি খালি আসনে মোট ৪ হাজার ৬ শত ৮০ জন ভর্তিপ্রার্থী।